রেজিস্টার্ড নং ডি এ-১

২০১৫ সনের ২২ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ২৮, ২০১৫

## সূচিপত্র

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৩২৫—৩৩১ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৭১৫—৭৩৫ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৫৭—৬২ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৬৯৫—৭৫২ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ৩১-১২-২০১৪ ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | ৩৩—৩৯ |

## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলীসম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-৫ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৯ ফাল্গুন ১৪২১/৩ মার্চ ২০১৫

**নং ০৫.১৮৪.০২৭.০২.০০.০০৮.২০১৪-১১৩**—যেহেতু, মিজ ভেনিসা রড্রিক্স (১৫৭২৩), প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার, নরসিংদী সদর, নরসিংদী বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয় গত ১৩-১০-২০১১ তারিখ হতে ৩০-৮-২০১৪ তারিখ পর্যন্ত নরসিংদী জেলার সদর উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে কর্মকালীন গত ৩-৮-২০১৪ তারিখ হতে ৭-৮-২০১৪ তারিখ পর্যন্ত জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি) ঢাকায় অনুষ্ঠেয় "উপজেলা পরিষদ আইন ও প্রশাসন বিষয়ক মৌলিক প্রশিক্ষণ" কোর্স শেষে ৮-৮-২০১৪ তারিখ অপরাহ্নে কর্মস্থলে প্রত্যাবর্তন না করে তিনি কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকেন এবং গত ১০-৮-২০১৪ তারিখ জেলা আইন শৃঙ্খলা কমিটির সভায় অনুপস্থিত থাকেন;

যেহেতু তিনি গত ২৬-৭-২০১৪ তারিখ হাজীপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়ে দুঃস্থদের মাঝে ভিজিএফ-এর চাল বিতরণে অনিয়ম ধরা পড়লেও উক্ত বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করেননি;

যেহেতু তিনি কর্মস্থলে ফিরে জেলা প্রশাসক, নরসিংদী-এর অফিস কক্ষে অভিযোগের বিষয়ে আলোচনাকালে মোসাঃ সুরাইয়া বেগম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) নরসিংদীর সাথে ঔদ্ধত্যপূর্ণ আচরণ করেন। তাঁর উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুসারে "অসদাচরণ (Misconduct)" এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ বিধায় এ মন্ত্রণালয় হতে ১-১-২০১৫ তারিখ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ" এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কৈফিয়ত তলব করা হয়;

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় অভিযুক্ত কর্মকর্তা কৈফিয়তের জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন এবং এর পরিপ্রেক্ষিতে বিগত ২৬-২-২০১৫ তারিখে উক্ত বিভাগীয় মামলার বিষয়ে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। শুনানিকালে তিনি তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ হতে নিঃশর্ত ক্ষমা প্রার্থনা করেন। ব্যক্তিগত শুনানি অন্তে অভিযুক্ত কর্মকর্তা এবং সরকার পক্ষের বক্তব্য, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, বিভাগীয় মামলা সংশ্লিষ্ট নথি ও অন্যান্য প্রাসঙ্গিক কাগজপত্র পর্যালোচনা করা হয়;

অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগটি তাঁর প্রথম অভিযোগ ও এ সংক্রান্তে তিনি নিঃশর্ত ক্ষমা প্রার্থনা করেছেন এবং অভিযুক্ত কর্মকর্তার ভবিষ্যৎ চাকুরি জীবনের বিষয় বিবেচনায় ভবিষ্যতে সরকারি দায়িত্ব পালনে সতর্কতা অবলম্বনের পরামর্শ দিয়ে তাঁকে বিভাগীয় মামলায় বর্ণিত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো এবং অভিযোগে উল্লিখিত ৮-৮-২০১৪ হতে ১৬-৮-২০১৪ তারিখ পর্যন্ত অনুপস্থিতকাল অর্জিত ছুটি হিসেবে গণ্য হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

---

**মাঠ প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২৪ ফাল্গুন ১৪২১/০৮ মার্চ ২০১৫

**নং ০৫.০০.০০০০.১৩৭.০০.০৮৫.১৪-১২৮**—যেহেতু, বিসিএস (প্রশাসন) ক্যাডারের ২৭তম ব্যাচের কর্মকর্তা জনাব নাসের এমদাদ (১৬০৮৫), প্রাক্তন সহকারী কমিশনার (শিক্ষানবিস), জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম গত ১৪-১২-২০০৯ তারিখ হতে অননুমোদিতভাবে সরকারের কর্মে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, গত ১৩-১২-২০১৪ তারিখে কর্মস্থলে তাঁর অনুপস্থিতির মেয়াদ ০৫ (পাঁচ) বছর পূর্ণ হয়েছে;

সেহেতু, বাংলাদেশ সার্ভিস রুলস প্রথম খণ্ডের বিধি ৩৪ অনুসারে গত ১৪-১২-২০১৪ তারিখ হতে জনাব নাসের এমদাদ (১৬০৮৫)-এর চাকরির অবসান হয়েছে।

**নং ০৫.০০.০০০০.১৩৭.০০.০৮৪.১৪-১২৯**—যেহেতু, বিসিএস (প্রশাসন) ক্যাডারের ২২তম ব্যাচের কর্মকর্তা সেখ মোঃ ইউসুফ হোসেন (১৫৩০৫), প্রাক্তন সহকারী কমিশনার (শিক্ষানবিস), জেলা প্রশাসকের কার্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলা গত ২১-০৪-২০০৪ তারিখ হতে অননুমোদিতভাবে সরকারের কর্মে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, গত ২০-০৪-২০০৯ তারিখে কর্মস্থলে তাঁর অনুপস্থিতির মেয়াদ ০৫ (পাঁচ) বছর পূর্ণ হয়েছে;

সেহেতু, বাংলাদেশ সার্ভিস রুলস প্রথম খণ্ডের বিধি ৩৪ অনুসারে গত ২০-০৪-২০০৯ তারিখ হতে সেখ মোঃ ইউসুফ হোসেন (১৫৩০৫)-এর চাকরির অবসান হয়েছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**সওব্য-১(২) অধিশাখা**

**পরিপত্র**

তারিখ, ১০ বৈশাখ ১৪২২/২৩ এপ্রিল ২০১৫

বিষয় ঃ **সরকারি অফিসের পরিবর্তিত বাংলা পদনামসমূহের ইংরেজি অনুবাদ।**

**নং ০৫.০০.০০০০.১৫১.১৬.০৩৬.১২-১৭২**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৪-০২-২০১৪ তারিখের ০৫.০০.০০০০.১৫১.১৬.০৩৬.১২-৫০ নং পরিপত্রমূলে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/দপ্তরে বিভিন্ন পদবির কর্মচারীদের পরিবর্তিত বাংলা পদনামসমূহের ইংরেজি পদনাম করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

(ক) গৃহীত সিদ্ধান্তের আলোকে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও এর অধীন অধিদপ্তর/দপ্তরের বর্তমান বাংলা পদনামসমূহের ইংরেজি পদনাম নিম্নরূপ নির্ধারণ করা হলো ঃ

| ক্রঃ নং | পদের পূর্বনাম | বর্তমান পদনাম | ইংরেজি পদনাম |
|---|---|---|---|
| (১) | এমএলএসএস/দপ্তরী/পিয়ন/ডিম পরীক্ষক/শেয়ারিং এটেনডেন্ট/বুচার/টি-বার এ্যাসিসটেন্ট | অফিস সহায়ক | Office Support Staff |
| (২) | সুইপার/ঝাড়ুদার/ক্লিনার/ফরাস/পরিষ্কারক | পরিচ্ছন্নতা কর্মী | Cleaner |
| (৩) | গার্ড/নাইট গার্ড/প্রহরী/নৈশ প্রহরী/দারোয়ান/ চৌকিদার/গেট কিপার/নৈশ প্রহরী কাম দারোয়ান/ গার্ড হাবিলদার/সিকিউরিটি গার্ড/ক্যাম্প গার্ড | নিরাপত্তা প্রহরী | Security Guard |
| (৪) | মেসেঞ্জার/সাইকেল মেসেঞ্জার/বয় মেসেঞ্জার | বার্তাবাহক | Messenger |
| (৫) | কালেকটিং সরকার | ক্যাশ সরকার | Cash Sarkar |
| (৬) | স্টোর ম্যানিয়েল | ভাণ্ডার কর্মী | Store keeper |
| (৭) | কুক/হোস্টেল কুক/পাচক (আই.বি.) | বাবুর্চি | Cook |
| (৮) | মশালচি | সহকারী বাবুর্চি | Assistant Cook |
| (৯) | ওয়াটার পাম্প ড্রাইভার/পাম্পম্যান | পাম্পচালক | Pump Operator |

| ক্রঃ নং | পদের পূর্বনাম | বর্তমান পদনাম | ইংরেজি পদনাম |
|---|---|---|---|
| (১০) | লিডিং ফায়ারম্যান কাম ফায়ার হাইড্রেন্ট অপারেটর | ফায়ারম্যান কাম ফায়ার হাইড্রেন্ট অপারেটর | Fireman-cum-Fire-hydrant Operator |
| (১১) | গ্রিজার কাম পাম্প ড্রাইভার | গ্রিজার কাম পাম্পচালক | Greaser-cum-Pump Operator |
| (১২) | এস.এস. ওয়ারম্যান/এস.এ লাইনম্যান/এস.এস. ইঃ ফিটার/এস.এস.এল.সি. ডব্লিউম্যান | ইলেক্ট্রিশিয়ান (ওয়্যারিং/ ওভারহেড/ইলেক্ট্রিক্যাল/ ফিটিং/ ওভারহেড অ্যান্ড ওয়্যারিং) | Electrician (wiring/ overhead/electrical/fitting/ overhead and wiring) |
| (১৩) | টাইপ ডিস্ট্রিবিউটর | বাইন্ডিং সহকারী | Binding Assistant |
| (১৪) | বেবি ট্যাক্সি ড্রাইভার | ড্রাইভার | Driver |
| (১৫) | গাড়ি সহকারী | হেলপার | Helper |
| (১৬) | জি-অপারেটর/গেস্টেটনার অপারেটর/ব্লু-প্রিন্টার/ ডুপ্লিকেটিং মেশিন অপারেটর/সাইক্লোস্টাইল মেশিন অপারেটর | ফটোকপি অপারেটর | Photocopy Operator |
| (১৭) | নিরাপত্তাপ্রহরী অধিনায়ক | গার্ড কমান্ডার | Guard Commander |
| (১৮) | ট্রাক সহকারী | ট্রাক হেলপার | Truck Helper |

(খ) রাষ্ট্রপতির কার্যালয়ের পরিবর্তিত বর্তমান বাংলা পদনামসমূহের ইংরেজি পদনাম নিম্নরূপ নির্ধারণ করা হলো ঃ

| ক্রঃ নং | পদের পূর্বনাম | বর্তমান পদনাম | ইংরেজি পদনাম |
|---|---|---|---|
| (১) | হেডকুক | প্রধান বাবুর্চি | Chief Cook |
| (২) | কুক | বাবুর্চি | Cook |
| (৩) | চাপরাশি | অফিস সহায়ক | Office Support Staff |
| (৪) | কুকমেট | সহকারী বাবুর্চি | Assistant Cook |
| (৫) | মশালচি | সহকারী বাবুর্চি | Assistant Cook |
| (৬) | হাউজ ক্লিনার | হাউজ ক্লিনার | House Cleaner |

(গ) প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিবর্তিত বর্তমান পদনামসমূহের ইংরেজি পদনাম নিম্নরূপ নির্ধারণ করা হলো ঃ

| ক্রঃ নং | পদের পূর্বনাম | বর্তমান পদনাম | ইংরেজি পদনাম |
|---|---|---|---|
| (১) | কুকমেট | সহকারী বাবুর্চি | Assistant Cook |
| (২) | খিদমতগার | পরিচর্যাকারী | Attendant |
| (৩) | আবদার | পরিবেশনকারী | Waiter |
| (৪) | বাবুর্চি | বাবুর্চি | Cook |
| (৫) | মশালচি | সহকারী বাবুর্চি | Assistant Cook |
| (৬) | মালী | মালী | Gardener |
| (৭) | খালাসি | সহকারী মালী | Assistant Gardener |
| (৮) | হাউজ ক্লিনার | হাউজ ক্লিনার | House Cleaner |
| (৯) | নিম্ন অধীনস্থ কর্মচারী | সহায়ক কর্মচারী | Support Staff |
| (১০) | ক্ষৌরকার | হেয়ার ড্রেসার | Hair Dresser |
| (১১) | চাপরাশি, জমাদার, অর্ডারলি | সহায়ক কর্মচারী | Support Staff |

**শর্তাবলী ঃ**

* বর্ণিত পদবিসমূহ পরিবর্তনের ক্ষেত্রে পদসমূহের কার্যপরিধি, পদমর্যাদা ও বেতন-ভাতাদির কোন পরিবর্তন হবে না।
* কোন আর্থিক সংশ্লেষ না থাকায় এ বিষয়ে অর্থ বিভাগের সম্মতি গ্রহণের প্রয়োজন হবে না।
* আদেশ জারির তারিখ হতে পরিবর্তিত পদনাম কার্যকর হবে।

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

**পরিবেশ ও বন মন্ত্রণালয়**
**বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ মে ২০১৫

**জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন, সংশোধন, বাস্তবায়ন, অর্থ অবমুক্তি এবং ব্যবহার নীতিমালা**

নং **পবম/BCCT/ট্রাস্ট অফিস সংক্রান্ত/০৫/২০১৩/৪৪২**—পবম/CCU/গাইড লাইন/৫৪/২০১০/২২৭-জলবায়ু পরিবর্তন ট্রাস্টের ট্রাস্টি বোর্ড কর্তৃক জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন ২০১০ এর ১০ ধারা অনুসরণে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট তহবিলের অর্থ দ্বারা বাস্তবায়নের জন্য সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন, সংশোধন, বাস্তবায়ন, অর্থ অবমুক্তি এবং ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (বিসিসিটি) এর ট্রাস্টি বোর্ডের ৩৫তম সভায় নিম্নরূপ সংশোধন করিল:

নিম্নবর্ণিত সংশোধনীসমূহ প্রতিস্থাপিত হবে;

| অনুচ্ছেদ | বিদ্যমান দফা | প্রতিস্থাপিত দফা |
|---|---|---|
| ১.১.৬ | প্রকল্পের মেয়াদ হবে সর্বোচ্চ তিন বছর। তবে, বিশেষ ক্ষেত্রে ট্রাস্টি বোর্ড প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করতে পারবে। | প্রকল্পের মেয়াদ দুই বছরের বেশী হবে না। তবে, মেয়াদকাল দুই বছরের বেশী প্রয়োজন হলে ট্রাস্টি বোর্ডের অনুমোদন গ্রহণ করতে হবে। |
| ১.১.৭ | প্রস্তাবিত প্রকল্পের প্রাক্কলিত ব্যয় সর্বোচ্চ ব্যয় ২৫ (পঁচিশ) কোটি টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। প্রতিটি আইটেমের ক্ষেত্রে অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত অর্থনৈতিক কোড/সাব-কোড ব্যবহার করতে হবে। অনুমোদিত প্রকল্পের ক্ষেত্রে যদি কোন আইটেম নির্ধারিত অর্থনৈতিক কোড/সাব-কোড এর আওতায় না পড়ে সেক্ষেত্রে অর্থ বিভাগ থেকে কোড/সাব-কোড বরাদ্দ নিতে হবে। | প্রস্তাবিত প্রকল্পের প্রাক্কলিত ব্যয় সর্বোচ্চ ব্যয় ১৫ (পনেরো) কোটি টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। প্রতিটি আইটেমের ক্ষেত্রে অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত অর্থনৈতিক কোড/সাব-কোড ব্যবহার করতে হবে। অনুমোদিত প্রকল্পের ক্ষেত্রে যদি কোন আইটেম নির্ধারিত অর্থনৈতিক কোড/সাব-কোড এর আওতায় না পড়ে সেক্ষেত্রে অর্থ বিভাগ থেকে কোড/সাব-কোড বরাদ্দ নিতে হবে। |
| ২.৪ | কারিগরি কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রকল্প প্রস্তাব পুনর্বিন্যাসের প্রয়োজন হলে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক তা সভার কার্যবিবরণী জারীর তারিখ হতে ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে প্রকল্প প্রস্তাব পুনর্বিন্যাস করে ক্লাইমেট চেঞ্জ ইউনিট এ প্রেরণ করতে হবে। কারিগরি কমিটির সিদ্ধান্তের আলোকে পুনর্বিন্যাসকৃত প্রকল্প প্রস্তাব দাখিল করা হলে তা ট্রাস্টি বোর্ডের সভায় বিবেচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হবে। | অনুচ্ছেদ ২.৪ অবলুপ্ত করা হল। |
| ২.৫ | কারিগরি কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রকল্পের পুনর্বিন্যাসের সিদ্ধান্ত থাকলে সভার কার্যবিবরণী জারীর তারিখ হতে ৩০(ত্রিশ) কার্যদিসের মধ্যে পুনর্বিন্যাসকৃত প্রকল্প ক্লাইমেট চেঞ্জ ইউনিটে দাখিল করা না হলে পরবর্তী কার্যক্রমের জন্য তা বিবেচনা করা হবে না। তবে, বিশেষ ক্ষেত্রে সুনির্দিষ্ট কারণ ও যৌক্তিক ব্যাখ্যা প্রদান করা হলে তা কারিগরি কমিটির বিবেচনার জন্য উপস্থাপন করা যেতে পারে। | অনুচ্ছেদ ২.৫ অবলুপ্ত করা হল। |
| ৫.১ | ট্রাস্টি বোর্ড কর্তৃক অনুমোদিত/নীতিগতভাবে অনুমোদিত প্রকল্পের পুনর্বিন্যাসের অনুশাসন থাকলে সভার কার্যবিবরণী জারীর তারিখ হতে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে পুনর্বিন্যাসকৃত প্রকল্প প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের ক্লাইমেট চেঞ্জ ইউনিটে দাখিল করতে হবে, অন্যথায় ট্রাস্টি বোর্ডের সিদ্ধান্ত স্থগিত বলে গণ্য হবে। তবে, সুনির্দিষ্ট কারণ ও যৌক্তিক ব্যাখ্যাসহ আবেদনের পরিপ্রেক্ষিতে তা বিবেচনার জন্য ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান বরাবর উপস্থাপন করা যেতে পারে। | ট্রাস্টি বোর্ড কর্তৃক অনুমোদিত/নীতিগতভাবে অনুমোদিত প্রকল্পের পুনর্বিন্যাসের অনুশাসন থাকলে বাস্তবায়নকারী সংস্থা ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে পুনর্বিন্যাসকৃত প্রকল্প প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে দাখিল করবে। অন্যথায় ট্রাস্টি বোর্ডের সিদ্ধান্ত স্থগিত বলে গণ্য হবে। তবে, সুনির্দিষ্ট কারণ ও যৌক্তিক ব্যাখ্যাসহ আবেদনের পরিপ্রেক্ষিতে তা বিবেচনার জন্য ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান বরাবর উপস্থাপন করা যেতে পারে। |
| ৫.৪ | অনুমোদন আদেশ জারীর তারিখ হতে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে প্রকল্প কার্যক্রম শুরু না করলে প্রকল্পের অনুমোদন আদেশ বাতিল বলে গণ্য হবে। তবে, বিশেষ ক্ষেত্রে ট্রাস্টি বোর্ড এই সময়সীমা বৃদ্ধি করতে পারবে। | অনুমোদন আদেশ জারীর তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে প্রকল্প কার্যক্রম (প্রকল্প পরিচালক নিয়োগ, ব্যাংক হিসাব খোলা ইত্যাদি) শুরু না করলে প্রকল্পের অনুমোদন আদেশ বাতিল বলে গণ্য হবে। তবে, বিশেষ ক্ষেত্রে ট্রাস্টি বোর্ড এই সময়সীমা বৃদ্ধি করতে পারবে। প্রথম কিস্তির অর্থ ছাড়ের প্রস্তাবের সাথে কি কি কার্যক্রম গ্রহণ করা হয়েছে তার বিবরণ দাখিল করতে হবে। |

| অনুচ্ছেদ | বিদ্যমান দফা | প্রতিস্থাপিত দফা |
|---|---|---|
| ৭.১.১ | প্রকল্প পরিচালক অনুমোদিত প্রকল্পের আইটেমওয়ারী কর্মপরিকল্পনা অনুযায়ী বছরভিত্তিক ব্যয় করার জন্য নির্ধারিত ছকে (সংলগ্নী-৯) ব্যয় বিভাজন প্রস্তুত করবেন এবং আর্থিক বছরের শুরুতেই (১৫ জুলাইয়ের মধ্যে) বাস্তবায়নকারী মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের ক্লাইমেট চেঞ্জ ইউনিটে প্রেরণ করবেন। তবে নতুন প্রকল্পের ক্ষেত্রে প্রকল্প পরিচালক নিয়োগ প্রাপ্ত হওয়ার ১৫ দিনের মধ্যে নির্ধারিত ছকে (সংলগ্নী-৯) ব্যয় বিভাজন প্রস্তুত করবেন এবং বাস্তবায়নকারী মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের ক্লইমেট চেঞ্জ ইউনিটে প্রেরণ করবেন। | প্রকল্প পরিচালক অনুমোদিত প্রকল্পের আইটেমওয়ারী কর্ম পরিকল্পনা অনুযায়ী নির্ধারিত ছকে (সংলগ্নী-৯) ব্যয় বিভাজন প্রস্তুত করবেন এবং প্রকল্প বাস্তবায়ন শুরুতেই প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে বিসিসিটি-তে প্রেরণ করবেন। |
| ৭.২.১ | প্রতি অর্থ বছরে ৪টি কিস্তিতে (১ম কিস্তি জুলাই-সেপ্টেম্বর, ২য় কিস্তি অক্টোবর-ডিসেম্বর, ৩য় কিস্তি জানুয়ারি-মার্চ এবং ৪র্থ কিস্তি এপ্রিল-জুন) পরিবেশ বন মন্ত্রণালয়ের ক্লাইমেট চেঞ্জ ইউনিট অর্থ ছাড়/অবমুক্ত করবে। | প্রকল্পের অনুকূলে চারটি সমান কিস্তিতে শর্ত পূরণ সাপেক্ষে বিসিসিটি কর্তৃক অর্থ ছাড় করা হবে। |
| ৭.২.২ | ব্যয় বিভাজন অনুমোদন প্রাপ্তির পর অনুমোদিত ব্যয় বিভাজন অনুযায়ী প্রকল্প পরিচালক প্রশাসনিক মন্ত্রণালয়কে অবহিত রেখে নির্ধারিত ছকে (সংলগ্নী ৩, ৪, ৯, ১২) ১ম কিস্তির অর্থ অবমুক্তির প্রস্তাব পরিবেশ ও বন মন্ত্রণালয়ের ক্লাইমেট চেঞ্জ ইউনিটে প্রেরণ করবেন। | প্রকল্প পরিচালক অনুমোদিত ব্যয় বিভাজনসহ প্রতি কিস্তির অর্থ ছাড়ের প্রস্তাব নির্ধারিত ছকে প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে বিসিসিটি-তে প্রেরণ করবেন। ১ম কিস্তির অর্থ ছাড়ের প্রস্তাবের সাথে এসটিডি ব্যাংক হিসাব খোলার প্রমাণপত্র প্রেরণ করতে হবে। |
| ৭.২.৩ | ২য়/৩য়/৪র্থ কিস্তির অর্থ অবমুক্তির প্রস্তাবের সাথে পূর্বের কিস্তি/কিস্তিসমূহের অর্থ ব্যবহারের বাস্তব ও আর্থিক অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত ছকে (সংলগ্নী-৩, ৪ ও ৭) দাখিল করতে হবে। ৪র্থ কিস্তি চলাকালীন সময়ে (এপ্রিল-জুন) যে কোন কিস্তির অর্থ ছাড়ের প্রস্তাবের সাথে বাস্তবায়নকারী মন্ত্রণালয়ের সুপারিশ সংযুক্ত করতে হবে। | ২য়/৩য় কিস্তির অর্থ ছাড়ের প্রস্তাবের সাথে পূর্বে ছাড়কৃত অর্থের ব্যয় বিবরণী, কাজের অগ্রগতি, পরিবীক্ষণ এবং পিআইসি ও পিএসসি (প্রযোজ্য ক্ষেত্রে) সভার কার্যবিবরণী প্রেরণ করতে হবে। |
| ৭.২.৪ | ৪র্থ কিস্তি অর্থ ছাড়ের ক্ষেত্রে বাস্তবায়নকারী মন্ত্রণালয়ের সুপারিশ গ্রহণ করতে হবে। বাস্তবায়নকারী মন্ত্রণালয় পূর্বের কিস্তির অগ্রগতি যাচাইপূর্বক ৪র্থ কিস্তি ছাড়ের সুপারিশ করবে। | প্রকল্পের কাজ সমাপ্ত হওয়ার পর প্রশাসনিক মন্ত্রণালয়ের পরিবীক্ষণ প্রতিবেদন এবং প্রত্যয়নসহ ৪র্থ কিস্তির অর্থ ছাড়ের প্রস্তাব প্রেরণ করতে হবে। প্রাপ্ত অর্থ ছাড়ের প্রস্তাব বিসিসিটি কর্তৃক পর্যালোচনাপূর্বক ৪র্থ কিস্তির অর্থ ছাড় করা হবে। |

**অনুচ্ছেদ ১.১.১৭. এর পর নিম্নোক্ত অনুচ্ছেদসমূহ নতুন সংযোজিত হবে ঃ**

| **অনুচ্ছেদ** | **সংযোজিত দফা** |
|---|---|
| **১.১.১৮** | **প্রস্তাবিত প্রকল্পের** nature self-sustained এবং বিসিসিএসএপি, ২০০৯ এর সাথে সংগতিপূর্ণ হতে হবে। |
| ১.১.১৯. | প্রকল্প প্রস্তাবে ভিন্ন ভিন্ন প্রকৃতির কাজ অন্তর্ভুক্ত না করে শুধু অতি জরুরী বিবেচনায় একই nature এর কম্পোনেন্ট সংযুক্ত করে ট্রাস্ট ফান্ডের প্রকল্প গ্রহণ করতে হবে। |
| ১.১.২০ | প্রকল্প প্রস্তাব দাখিলের সাথে সংশ্লিষ্ট প্রকল্প এলকার Visual Presentation দাখিল করতে হবে। |

**মোঃ মোখলেছার রহমান সরকার**
ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**বিদ্যালয়-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৪ জ্যৈষ্ঠ ১৪২২/১৮ মে ২০১৫

**নং ৩৮.০০৮.০৩৪.০০.০০.০০৭.২০১৩-২৭৩**—ঢাকা মহানগরীর ধানমন্ডি থানায় অবস্থিত ‘ধানমন্ডি শহীদ বুদ্ধিজীবী ডঃ আমিন উদ্দিন সরকারি প্রাথমিক বিদ্যালয়’-এর নাম আংশিক সংশোধনপূর্বক ‘শহীদ বুদ্ধিজীবী ড. আমিন উদ্দিন সরকারি প্রাথমিক বিদ্যালয়, ধানমন্ডি, ঢাকা ,নামকরণ করা হ’ল।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জাজরীন নাহার**
সিনিয়র সহকারী সচিব (বিদ্যা-২)।

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**(সিটি কর্পোরেশন-২ শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৪ বৈশাখ ১৪২২/৭ মে ২০১৫

**নং ৪৬.০০.০০০০.০৭১.২৭.০০৩.১২(অংশ-১).২৪৪**—যেহেতু জনাব নূর হোসেন, কাউন্সিলর, ০৪ নং সাধারণ ওয়ার্ড, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (বর্তমানে ভারতের পশ্চিমবঙ্গে কারাগারে আটক) এর বিরুদ্ধে বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত নং-২, নারায়ণগঞ্জ এর আদালতে ৪৮৯/১৪ নং মামলায় বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন, ২০১২ এর ধারা ৩৪ অনুযায়ী অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে সাজা প্রদান করা হয়েছে; এবং

২। যেহেতু, সিটি কর্পোরেশনের কাউন্সিলর নৈতিক স্খলনজনিত অপরাধে আদালত কর্তৃক দণ্ডিত হলে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ১৩ অনুযায়ী অপসারণযোগ্য হন; এবং

৩। সেহেতু, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ১৩ অনুযায়ী তাঁকে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ০৪ নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর পদ হতে অপসারণ করা হল এবং উক্ত আসন শূন্য ঘোষণা করা হল।

৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জসীম উদ্দীন হায়দার**
সিনিয়র সহকারী সচিব।

---

**অফিস আদেশ**

তারিখ, ২৪ বৈশাখ ১৪২২/৭ মে ২০১৫

**নং ৪৬.০০.০০০০.০৭১.২৭.০১৭.১৪.২৪৬**—যেহেতু, জনাব শাহ জালাল বাদল, কাউন্সিলর, ০৩ নং সাধারণ ওয়ার্ড, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন নারায়ণগঞ্জ আলোচিত ০৭ (সাত) জন ব্যক্তিকে খুন সংক্রান্ত মামলার অন্যতম অভিযুক্ত ব্যক্তি এবং তিনি দীর্ঘদিন ধরে আত্মগোপন করে আছেন; এবং

২। যেহেতু, তিনি (সিটি কর্পোরেশনের পর পর ০৩ (তিন)টির বেশি মাসিক সভায় অনুপস্থিত রয়েছেন; এবং

৩। যেহেতু, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১৩ এর উপ-ধারা (ক) অনুযায়ী যুক্তিসঙ্গত কারণ ব্যতিরেকে সিটি কর্পোরেশনের পর পর ০৩ (তিন)টি সভায় অনুপস্থিত থাকা 'কাউন্সিলর' পদ হতে অপসারণযোগ্য অপরাধ; এবং

৪। যেহেতু, উক্ত আইনের ধারা ১৩ অধীনে কাউন্সিলর পদ হতে অপসারণের কার্যক্রম শুরু হলে ধারা (১২) এর উপ-ধারা (১) অনুযায়ী কাউন্সিলর পদ হতে সাময়িকভাবে বরখাস্তকরণের বিধান রয়েছে;

৫। সেহেতু, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ০৩ নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর জনাব শাহ জালাল বাদল-কে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

৬। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জসীম উদ্দীন হায়দার**
সিনিয়র সহকারী সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ, ০৮ মার্চ ২০১৫

**নং বিচার-৭/২এন-১০৪/৮৭-১৩৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ সুলতান আহাম্মেদ, পিতা মোঃ আব্দুল হাই, মাতা মোছাঃ আক্তারী বেগম, গ্রাম বাঁস্তা, ডাকঘর তিয়শ্রী, উপজেলা মদন, জেলা নেত্রকোনা)। এই আইন ও উহার প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নেত্রকোনা জেলার মদন উপজেলার ০৬নং তিয়শ্রী ইউনিয়নের অধিক্ষেত্রের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা/স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**মোহাম্মদ শফিকুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

---

**আদেশ**

তারিখ, ০৯ এপ্রিল ২০১৫

**নং বিচার-৭/২এন-১০৪/৮৭-১৯৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ আবু বকর সিদ্দিক, পিতা মৃত তাহের উদ্দিন, মাতা মৃত চান বানু, গ্রাম চানগাঁও শাহাপুর, ডাকঘর জাহাঙ্গীরপুর, উপজেলা মদন, জেলা নেত্রকোনা)। এই আইন ও উহার প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নেত্রকোনা জেলার মদন উপজেলার ০২নং চানগাঁও ইউনিয়নের অধিক্ষেত্রের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা/স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**মোহাম্মদ জাহিদুল কবির**
সিনিয়র সহকারী সচিব।

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
## শাখা ৬

## প্রজ্ঞাপন

তারিখ, ০১ চৈত্র ১৪২১/১৫ মার্চ ২০১৫

**নং ৪৩.০০.০০০০.১১৪.০১৬.১০৯.১৪-৯৫৮**—খুলনা জেলার রূপসা উপজেলার পিঠাভোগ গ্রামে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের পূর্ব পুরুষের বসতভিটা প্রত্নতাত্ত্বিক গুরুত্ব থাকায় ১৯৬৮ সালের প্রত্নতত্ত্ব সংরক্ষণ আইন (১৯৭৬ সালে সংশোধিত) অনুযায়ী পুরাকীর্তি হিসেবে সংরক্ষণযোগ্য বিবেচিত হওয়ায়, সরকার কর্তৃক নিম্ন তফসীলভূক্ত প্রত্নসম্পদ সংরক্ষিত প্রত্নসম্পদ বলিয়া ঘোষণা করা হলো।

| ক্রমিক নং | প্রত্নসম্পদের নাম, অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানার পূর্ণ বিবরণ | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা ? | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজার নাম | খতিয়ান নং | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| (১) | বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের পূর্ব পূরুষের বসত ভিটা গ্রাম পিঠাভোগ উপজেলা রূপসা জেলা খুলনা | পিঠাভোগ | ৬০০/১ | ১৭৯৬<br>১৭৯৭ | ০.১৩৭০<br>০.০১৩০<br>০.১৫০০ | উত্তরে গোপাল চন্দ্র কুসারী, পিং মৃত মানিক লাল। দক্ষিণে গৌর চন্দ্র কুসারী। পিং মৃত যতিন্দ্র নাথ কুসারী। পূর্বে গোপাল চন্দ্র কুসারী। পিং মৃত মানিক লাল। পশ্চিমে সরকারি কাঁচা রাস্তা। | রবীন্দ্র স্মৃতি সংগ্রহসালার পক্ষে সভাপতি উপজেলা নির্বাহী অফিসার, রূপসা, খুলনা। | হ্যাঁ | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ছানিয়া আক্তার**
সিনিয়র সহকারী সচিব।

---

## ভূমি মন্ত্রণালয়
## জরিপ শাখা-২

## বিজ্ঞপ্তি

তারিখ, ৪ জ্যৈষ্ঠ ১৪২২/১৮ মে ২০১৫

**নং ৩১.০০.০০০০.০৩৬.০৩৩.০৯০.১১-১৯৯**—১৯৩৫ সনের বেঙ্গল সার্ভে এন্ড সেটেলমেন্ট ম্যানুয়ালের ৩২১ বিধিমতে নিম্নোক্ত মৌজার গঠন ও নামকরণের প্রস্তাব নির্দেশক্রমে অনুমোদন করা হয়েছে।

| ক্রমিক নং | জেলার নাম | উপজেলার নাম | প্রস্তাবিত মৌজার নাম | প্রার্থীত জে এল | এরিয়া | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | একক | বর্গমাইল |
| (১) | ভোলা | ভোলা সদর | চর আনন্দ | ১৯/১০৬ | ৫৯৮.১৭ | ০.৯৩ |

**মোঃ রফিকুল ইসলাম**
উপসচিব।